

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
চিকিৎসা শিক্ষা অধিশাখা  
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৬

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

বিষয়: রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।

সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার ০১ নভেম্বর ২০২৩ তারিখের ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২.১৩৪৬ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ১১ নভেম্বর ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক রাজশাহী জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল এবং মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : মা ও শিশু কল্যাণ কেন্দ্র, রাজশাহী সদর
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১১ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১১.৩০ টা
- ০৩। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : অনুমোদিত পদে সকলেই কর্মরত আছেন। মেডিকেল অফিসার (ক্লিনিক) পদ না থাকায় একজন মেডিকেল অফিসার সংযুক্তিতে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুমোদিত ০১টি পদের বিপরীতে সংযুক্তিসহ ০৫ জন কর্মরত আছেন। মিডওয়াইফ হিসাবে একজন কর্মরত আছেন।
- ০৪। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনকালে সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।
- ০৫। পরিদর্শনকালে Stockholder মতামত/পরামর্শের সংক্ষিপ্ত বিবরণ :  
স্বাস্থ্য ইউনিটটি শহরের প্রাণকেন্দ্রে স্থাপিত হওয়ায় সেবা গ্রহীতার সংখ্যা অনেক বেশী। উপস্থিত সেবাগ্রহীতার জানান যে, সেবার মান সন্তোষজনক। তবে নিয়মিত মেডিকেল অফিসার নিয়োগ করা হলে সেবার মান আরো বৃদ্ধি পাবে। এ কেন্দ্রে কোনো আলট্রাসাউন্ড মেশিন না থাকায় রোগীদের উচ্চমূল্যে বাইরে থেকে টেস্ট করিয়ে আনতে হয়। একটি আলট্রাসাউন্ড মেশিন সরবরাহ করা হলে গর্ভকালীন সেবার মান বৃদ্ধির পাশাপাশি সেবাগ্রহীতাদের ভোগান্তি লাঘব হবে।
- ০৬। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্র ও সরঞ্জামাদির বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে পুরোপুরি উপযোগী নয়। অপারেশন থিয়েটারে চিকিৎসা সেবা অব্যাহত রাখার জন্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা প্রয়োজন এছাড়াও দায়িত্বপ্রাপ্ত সহকারী সার্জন রাজশাহী সেন্ট্রাল ওয়্যারহাউজ হতে চাহিদা ছাড়াই বিভিন্ন সরঞ্জামাদি সরবরাহ করা হয় বলে জানান। এ কেন্দ্রে ০২টি অটোক্লভ মেশিন চলমান থাকলেও চাহিদা ছাড়াই অতিরিক্ত আরো দুটি অটোক্লভ মেশিন সরবরাহ করা হয়েছে। তিনি আরো বলেন যে, ইনভয়েসে ড্রাম উল্লেখ করে বক্সের ভিতরে অটোক্লভ মেশিন সরবরাহ করা হয়। Zylocan injection এর ৪০ কার্টন সরবরাহ করা হয়েছে যার মেয়াদ মে'২০২৪ পর্যন্ত। কিন্তু উক্ত ইনজেকশনের প্রয়োজন না থাকায় তা অব্যবহৃত থাকবে। এছাড়াও NSV কীটের ১০ বছর ধরে ব্যবহার না থাকলেও সরবরাহ করা হয় বলে বর্তমানে ৩৪টি কীট স্টোরে রয়েছে। Laproscopy মেশিনের ব্যবহার না থাকলেও ০১টি মেশিন থাকা সত্ত্বেও আরেকটি মেশিন সরবরাহ করা হয়েছে।

০৭। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : মা ও শিশু কল্যাণ কেন্দ্রের দ্বিতল ভবনটি অনেক পুরানো এবং জরাজীর্ণ প্রায়। ভবনটি পুনঃনির্মাণ করা প্রয়োজন। বিভিন্ন কক্ষের দেয়াল ও ছাদ হতে পলেন্তারা খসে পড়ছে। ছাদ হতে পানি পড়ার কারণে রোগীদের প্রায়ই ভোগান্তির সম্মুখীন হতে হয়।




১

৮। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :

- (ক) প্রতিষ্ঠান ভবন পুরাতন ও ছাদের অবস্থা জরাজীর্ণ বিধায় দ্বিতল ভবনটি পুনঃনির্মাণ করা প্রয়োজন;  
(খ) অপারেশন থিয়েটারে চিকিৎসা সেবা অব্যাহত রাখার জন্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা প্রয়োজন;  
(গ) জরুরি ভিত্তিতে ভবনের ছাদ সংস্কার করা প্রয়োজন;

(ঘ) **Need assessment** করে প্রয়োজনীয় ওষুধ ও সরঞ্জামাদি সরবরাহ নিশ্চিত করতে হবে এবং অপ্রয়োজনীয়ভাবে চাহিদা ব্যতীত কোনো ওষুধ ও সরঞ্জামাদি যেনো সরবরাহ না করা হয় সে বিষয়ে সংশ্লিষ্ট ওয়ারহাউজকে নির্দেশনা প্রদান করছে হবে; এবং  
(ঙ) গর্ভবতী ও প্রসূতি মায়ীদের তথ্য পরিবারের সদস্যদের ফোন নম্বরসহ যথাযথভাবে রেজিস্টারে লিপিবদ্ধ করা নিশ্চিত করতে হবে। এছাড়াও সেবা গ্রহীতাদের সকল তথ্য এক সাথে প্রাপ্তির সুবিধার্থে প্রসব পরবর্তী সেবা সংক্রান্ত তথ্য গর্ভকালীন রেজিস্টারেও লিপিবদ্ধ করতে হবে।

(চ) মডেল স্বাস্থ্য কেন্দ্র হিসাবে এ প্রতিষ্ঠানে রোগীর সংখ্যা বেশী হওয়ায় আরো ০২ জন **FWV** এবং আয়ার পদ সৃজন করা প্রয়োজন;



(মল্লিকা খাতুন)

যুগ্মসচিব

ফোন: ৫৫১০০৮৬৪

[me@mefwd.gov.bd](mailto:me@mefwd.gov.bd)

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

রক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৮৬

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা

০২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। বিভাগীয় পরিচালক, রাজশাহী

০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী

০৫। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)